



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

প্রেস বিজ্ঞপ্তি

০৪ ফেব্রুয়ারি ২০১৮খ্রি.

মাননীয় মেয়রের সাথে মালিদের বৈঠক ২ মাসের মধ্যে নগরীর মিড আইল্যান্ড সহ নির্ধারিত স্থানে বাগান করার কার্যক্রম সমাপ্ত করতে হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনে বাগানের কাজে নিয়োজিত মালিদের সাথে ৪ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি. সন্ধ্যায় নগর ভবনের কে বি আবদুচ ছত্তার মিলনায়তনে বৈঠক করেন মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন। তিনি একজন ইন্সপেক্টর ২ জন সুপারভাইজার এবং ৮৩ জন মালির হাজিরা সহ প্রত্যেকের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত তথ্য উপাত্ত জানতে চান। এসময় মেয়র আ জ ম নাছির উদ্দীন তাঁর গ্রিন ও ক্লিন সিটির পরিকল্পনা তাদেরকে অবহিত করেন। তিনি বলেন, আগামী ২ মাসের মধ্যে নগরীর মিড আইল্যান্ড সহ নির্ধারিত স্থানে বাগান করার কার্যক্রম সমাপ্ত করতে হবে। পরিবেশ বান্ধব নৈসর্গিক চট্টগ্রাম তথা গ্রিন সিটি কনসেপ্ট এর আওতায় নগরীর মিড আইল্যান্ড, গোলচত্বর, ফুটপাথ সমূহ নান্দনিক সাজে সাজানো হচ্ছে। এ কর্মসূচিকে সফল করার জন্য মালিদের ভূমিকা গুরুত্বপূর্ণ। বাগানের পরিচর্চা করা, নিয়মিত পানি, সার, আগাছা পরিষ্কার করা সহ যাবতীয় কার্যক্রম মালিদের উপর নির্ভর করে। তিনি প্রত্যেককে নির্ণায়ক সাথে নিয়মিত দায়িত্ব পালন করে নগরীর সৌন্দর্য ফুটিয়ে তোলার নির্দেশনা প্রদান করেন। মেয়র বলেন, নির্দিষ্ট সময়ে নির্দিষ্ট দায়িত্ব সুচারু রূপে সম্পন্ন করার উপর কর্মচারীদের স্বার্থকতা নির্ভর করে। যদি কেউ কর্মক্ষেত্রে গাফিলতি করে অথবা ফাকি দেয়ার চেষ্টা করে তাহলে তার উপর অর্পিত কাজ অসম্পূর্ণ থাকে ফলে বহু কষ্ট ও অর্থের বিনিময়ে গড়ে তোলা বনায়ন ও বাগান ক্ষতিগ্রস্ত হয়। তিনি এধরনের কর্ম থেকে বিরত থাকার জন্য নির্দেশ দেন। তারপরও যদি কেউ কার্যক্ষেত্রে অনিয়ম, গাফিলতি বা ফাকি দেয়ার প্রবণতা

থেকে ফিরে না আসে তাহলে তাকে সর্বোচ্চ শাস্তির আওতায় আনা হবে। মালিদের বৈঠকে ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ আবুল হোসেন, প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমেদ, অতিরিক্ত প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী আবু ছালেহ, প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা শেখ শফিকুল মল্লান ছিদ্দিকী, নির্বাহী প্রকৌশলী সুদিপ বসাক, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম, বন কর্মকর্তা মঈনুল হোসেন আলী জয় সহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা